

Phone call between Prime Minister Shri Narendra Modi and H.E. Paul Kagame, President of Rwanda

June 05, 2020

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং রওয়ান্ডার রাষ্ট্রপতি মহামান্য পল কাগামের মধ্যে টেলিফোনে বাক্যালাপ

জুন 05, 2020

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ রওয়ান্ডার রাষ্ট্রপতি মহামান্য পল কাগামের সাথে টেলিফোনে বাক্যালাপ করেছেন। প্রধানমন্ত্রী তার 2018 সালের রওয়ান্ডার স্মরণীয় সফরের পর থেকে আজ অবধি দ্বিপাক্ষিক মৈত্রী বন্ধনের অগ্রগতির জন্য তাঁর সন্তোষ ব্যক্ত করেছেন। রওয়ান্ডার রাষ্ট্রপতি প্রধানমন্ত্রী মোদীর 2018 সালের সফরে 200 টি গরু উপহারের কথা উষ্ণতার সাথে স্মরণ করেছেন এবং বলেছেন যে, রওয়ান্ডার শিশুদের দুধের যোগানে এই গরুগুলো খুবই সাহায্য করেছে এবং তার সাথে কৃষকদের আয়ও বৃদ্ধি পেয়েছে।

নেতারা কোভিড-19 দ্বারা উদ্ভূত স্বাস্থ্য পরিচর্যা ব্যবস্থা এবং অর্থনৈতিক প্রতিবন্ধকতা নিয়ে আলোচনা করেছেন। তারা নিজ নিজ দেশে এই সংকটকে সামলাবার জন্য গৃহীত পদক্ষেপগুলি নিয়ে আলোচনা করেছেন এবং নাগরিকদের কুশল নিশ্চিত করেছেন। এই সংকট কালে একে অন্য দেশের অভিবাসীদের সকল রকমের সম্ভাব্য সাহায্য প্রদানের জন্য তারা সহমত হয়েছেন।

প্রধানমন্ত্রী রওয়ান্ডার রাষ্ট্রপতিকে করোনাভাইরাস -এর মোকাবিলায় রওয়ান্ডার প্রচেষ্টাতে চিকিৎসা সাহায্য সহ ভারতের স্থিতসংকল্প সাহায্যের বিষয়ে নিশ্চয়তা প্রদান করেছেন। তিনি রাষ্ট্রপতি কাগামের নেতৃত্বে এই সংকটের প্রভাবী মোকাবিলার এবং রওয়ান্ডার জনগণের এই চ্যালেঞ্জের দৃঢ়প্রতিজ্ঞ মোকাবিলার প্রশংসা করেছেন।

এই সংকটকালে রওয়ান্ডার জনগণের স্বাস্থ্য ও কুশলতার জন্য প্রধানমন্ত্রী তাঁর শুভ কামনা ব্যক্ত করেছেন।

নিউ দিল্লি

জুন 05, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.